বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০২.১৭(অংশ-৩)- ৭৭৪

তারিখ : ১১পৌষ ১৪২৯ / ২৬ ডিসেম্বর ২০২২

প্রাপক ঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় ঃ চলতি ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ হতে সাধারণ বরাদ্দ (বিবিজি) এর ১ম কিস্তির থোক বরাদ্দ ছাড়করণ।**

অর্থ বিভাগের ০৬/০৯/২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-৩৭৭নং স্মারক এবং ০২/১১/২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-৪৩১নং স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে চলতি ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" শীর্ষক থোক (কোড নং-২২১০০০৭০০) এর অনুকূলে বরাদ্দকৃত ৭৫০.০০ কোটি (সাতশত পঞ্চাশ কোটি) টাকার সাধারণ বরাদ্দ (বিবিজি ও পিবিজি) খাতের ৬৩০.০০ কোটি (ছয়শত ত্রিশ কোটি) টাকা হতে ৪৫৩১টি ইউনিয়ন পরিষদের অনুকূলে সাধারণ বরাদ্দ (বিবিজি) এর ০২ (দুই) কিস্তির ১ম কিস্তি বাবদ ২১০,৫২,০২,০০০.০০ (দুইশত দশ কোটি বায়ান্ন লক্ষ দুই হাজার) টাকা ছাড়করণে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হলো। এ অর্থের অথরিটিপত্র স্থানীয় সরকার বিভাগ এবং সংশ্লিষ্ট উপজেলা হিসাবরক্ষণ অফিস বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ইউনিয়নওয়ারী বরাদ্দের পরিমাণ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জিও অনুযায়ী বরাদ্দকৃত অর্থ উত্তোলনের জন্য টিআর ফরম নং-৩২ এ বিল প্রস্তুত করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ বিল উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তরে দাখিল করবে;

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা জিও অনুযায়ী বরাদ্দকৃত অর্থ উত্তোলনের জন্য আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করবেন;

৩। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর উক্ত বিলের বিপরীতে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল ব্যবহার সংক্রান্ত ব্যাংক হিসাবে একাউন্ট পেয়ী চেক/এ্যাডভাইস ইস্যু করবে। জেলা হিসাবরক্ষণ অফিস হতে ইউনিয়ন পরিষদ কর্তৃক পরিচালিত ব্যাংক হিসাবে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিলের অর্থ স্থানান্তরিত হবে এবং উপজেলা হিসাবরক্ষণ অফিসের প্রেরিত এ্যাডভাইসের প্রেক্ষিতে সোনালী ব্যাংক লিমিটেড সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তর করবে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ সচিবের মাধ্যমে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল ব্যবহার সংক্রান্ত শিরোনামের ব্যাংক হিসাবে জমাকৃত অর্থ উত্তোলন ও ব্যয় সংক্রান্ত বিষয়াদি ক্যাশবুক, রেজিষ্ট্রার ও অন্যান্য প্রয়োজনীয় বহিসমূহ যথাযথভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করবেন;

৪। এ ব্যয় ২০২২-২৩ অর্থবছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত নং-১৩৭০১/১৩৭০১০১/২২১০০০৭০০/৪১১১৩০৪ কোডভুক্ত ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ খাত হতে মিটানো হবে; ছাড়কৃত অর্থ আইবাস সিস্টেমে উপজেলাওয়ারী ডিডিও অথরাইজেশন এর মাধ্যমে এ এন্ট্রি করা হবে;

৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নির্দেশিকা-২০২১ এবং PPR'2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

৬। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন।

৭। ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে সরকারি কোষাগারে ফেরত প্রদান করতে হবে।

(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)
উপসচিব
ফোন ঃ ৯৫১৪১৯০
lgup2@lgd.gov.bd

(অ:পৃ:দ্র:)

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০২.১৭ (অংশ-৩)- ৭৭৪

তারিখ : ১১ পৌষ ১৪২৯
২৬ ডিসেম্বর ২০২২

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: উপসচিব, বাজেট-১১ শাখা)।
২. মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার (সকল)।
৪. প্রকল্প পরিচালক, লোকাল গভর্ণ্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩), সিটি সেন্টার, ৯০/১ মতিঝিল, ঢাকা (তাঁকে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নির্দেশিকা, ২০২১ ও ইউনিয়ন পরিষদ অপারেশনাল ম্যানুয়েল, ২০১৮ অনুসরণে ইউনিয়ন পরিষদের মাধ্যমে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল দ্বারা বাস্তবায়িতব্য স্কিমসমূহ গ্রহণ, অনুমোদন ও বিজিসিসি সভায় অগ্রায়ন, বাস্তবায়ন ও বিল পরিশোধ পর্যায়ে মনিটরিং এর জন্য এলজিএসপি-৩ এর ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর (ডিএফ) গণকে এলজিএসপি-৩ প্রকল্পের মেয়াদকালীন সময়ে দায়িত্ব পালনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জেলা প্রশাসক (সকল)।
৭. উপসচিব (বাজেট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি), জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল) **(ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক জিও অনুযায়ী বরাদ্দকৃত অর্থ উত্তোলনের জন্য প্রস্তুতকৃত বিলে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তরে দাখিলের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।**
১১. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
১২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
১৪. ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর (ডিএফ), এলজিএসপি-৩ প্রকল্প, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
১৫. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক (সকল)।
১৬. অফিস কপি।

২৬/১২/২০২২

(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)
উপসচিব

E:\All Documents\Union Parishad-2\Fund Releage\Letter-382